



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি বি এল কলেজ, খুলনা

দূরলাপনী : অফিস ৭৬২৯৪৪  
ফ্যাক্স নং : ০৪১-২৮৫০৩৭০



**২০১৫ সালের ২য় বর্ষ অনার্স (২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ)**  
**নিয়মিত পরীক্ষার আবেদন ফরম পূরণের সংশোধিত বিজ্ঞপ্তি**

বিঃ দ্রঃ ইনকোর্স পরীক্ষা ছাড়া কোন পরীক্ষার্থী পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে না।

২য় বর্ষ অনার্স পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের  
ওয়েব সাইট [www.nu.edu.bd/202](http://www.nu.edu.bd/202) থেকে A4 Size কাগজে প্রিন্ট করে স্বহস্তে পূরণ করতে হবে।

**আবেদন ফরম জমার তারিখ :**

অনার্স বিষয়	জমাদানের তারিখ	অনার্স বিষয়	জমাদানের তারিখ
বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি	০১.০৩.২০১৬	ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, হিসাববিজ্ঞান	০২.০৩.২০১৬
ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স, সমাজবিজ্ঞান	০৩.০৩.২০১৬	পদার্থ, রসায়ন, উদ্ভিদ, প্রাণি, গণিত	০৭.০৩.২০১৬

**নিয়মিত পরীক্ষার্থীদের ফিসাদি (বিশ্ববিদ্যালয় ও কলেজের অংশ) :**

বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স = ৩৭৫৫/- টাকা।  
ইংরেজি = ৩৫০৫/=, পদার্থবিদ্যা, উদ্ভিদ, প্রাণি ও গণিত = ৪৩৪৫/- (গণিত বিষয়ে পরিসংখ্যান থাকলে ব্যবহারিক ফি বাবদ অতিরিক্ত  
১৩০/= টাকা প্রদান করতে হবে), রসায়ন = ৪৪৯৫/- টাকা।

বিঃ দ্রঃ শিক্ষা সফর ফি বাবদ ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ৫০/= টাকা হারে স্ব স্ব বিভাগ গ্রহণ করবেন।

**নিয়মিত পরীক্ষার্থীদের যোগ্যতা :**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী (যারা রেগুলেশন  
অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০১৪ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে উন্নীত হয়েছেন তারা ২০১৫ সালের ২য়  
বর্ষ অনার্সের নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**পাঠ্যসূচি :** সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

**পরীক্ষার আবেদন ফরম পূরণের নিয়মাবলী :**

(ক) আবেদন ফরম পরীক্ষার্থীকে অনলাইন হতে গ্রহণ করে স্ব হস্তে পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণে কোন প্রকার ভুল  
হলে তার জন্য সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীরাই দায়ী থাকবে।

(খ) আবেদন ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা বিভাগীয় প্রধান অবশ্যই যাচাই করে আবেদন ফরমে স্বাক্ষর করবেন।

(গ) আবেদন ফরম- এ বিভাগীয় প্রধানের স্বাক্ষরের পর ০১ সেট ফটোকপি স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

(ঘ) আবেদন ফরমে নিয়মিত পরীক্ষার্থীদের সকল পত্রের কোড (ব্যবহারিকসহ) শিরোনাম লিখতে হবে।

(ঙ) নিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে।

(চ) ১ কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগাতে হবে এবং ১ কপি পাসপোর্ট  
সাইজের রঙিন ছবি (ছবির নিচে রেজিস্ট্রেশন নম্বর লিখে) স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

স্ব স্ব বিভাগ কলেজ অফিসে জমাকৃত পরীক্ষার আবেদন আগামী ১০.০৩.২০১৬ খ্রি. তারিখে গ্রহণ করে অনলাইনে ডাটা  
এন্ট্রি করে তা ১৩.০৩.২০১৬ খ্রি. তারিখের কলেজ অফিসে পুনরায় জমা দেয়ার ব্যবস্থা করতে বিভাগীয় প্রধানগণকে  
অনুরোধ করা হল। অনলাইন বিবরণী অনুযায়ী আবেদন ফরম সাজিয়ে ০১ সেট বিবরণী বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে  
কলেজ অফিসে জমা দিতে হবে। অনলাইনে পরীক্ষার আবেদন ফরম ডাটা এন্ট্রি করার সময় কোন প্রকার সমস্যা  
পড়লে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২য় বর্ষ অনার্স শাখায় যোগাযোগ করতে অনুরোধ করা হল।

বিঃ দ্রঃ বেতন মওকুপের তালিকা আগামী ২৯.০২.২০১৬ খ্রি. তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দিতে হবে।

ফরম পূরণের এই বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েব সাইট [www.blcollege.edu.bd](http://www.blcollege.edu.bd) তে পাওয়া যাবে।

(প্রফেসর শুলশান আরা বেগম)

অধ্যক্ষ

সরকারি বি এল কলেজ, খুলনা